জুলাই-ডিসেম্বর/২০১১ সময়কালে কৃষিভিত্তিক শিল্প ঋণের সার্বিক অবস্থার পর্যালোচনামুলক প্রতিবেদন ।

কৃষিভিত্তিক শিল্পে ঋণপ্রবাহ যথাযথভাবে মনিটরিং করার লক্ষ্যে দেশের সকল ব্যাংক থেকে কৃষিভিত্তিক শিল্পে ঋণ বিতরণ ও আদায় সম্পর্কিত ত্রৈমাসিক তথ্য/বিবরণী সংগ্রহ করা হয়ে থাকে । সে মোতাবেক সংশ্লিষ্ট ব্যাংকসমূহ কর্তৃক ২০১১-২০১২ অর্থ বছরের ডিসেম্বর'১১ ত্রৈমাসিকে দাখিলকৃত বিবরণীর ভিত্তিতে আলোচ্য বিবরণী প্রস্তুত করা হয়েছে । ২০১১-২০১২ অর্থ বছরের ৩১শে ডিসেম্বর,২০১১ পর্যন্ত সংশ্লিষ্ট ব্যাংকমূহের কৃষিভিত্তিক শিল্পে ব্যাংকওয়ারী ঋণ বিতরণ ও বকেয়া ঋণের অবস্থা নিমরূপ ঃ-


০১। **ঋণ বিতরণ ঃ**


জুলাই-ডিসেম্বর/২০১১ সময়কালে কৃষিভিত্তিক শিল্প ঋণ বিতরণের মোট পরিমাণ ছিল ১০,৫৬৬.৩৫ কোটি টাকা, এর মধ্যে চলতি মূলধন ও মেয়াদী ঋণের বিতরণ ছিল যথাক্রমে ৮,৮০৭.৫৪ কোটি টাকা ও ১,৭৫৮.৮১ কোটি টাকা । আলোচ্য সময়ে বিতরণকৃত মোট ১০,৫৬৬.৩৫ কোটি টাকার মধ্যে রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহ ৯%, বেসরকারী বাণিজ্যিক ব্যাংকসমূহ ৬৮%, বিদেশী ব্যাংকসমূহ ১৪%, বিশেষায়িত ব্যাংকসমূহ ৯% ঋণ বিতরণ করেছে ।

জুলাই-ডিসেম্বর/২০১০ সময়ে কৃষিভিত্তিক শিল্প ঋণ বিতরণের মোট পরিমাণ ছিল ৮,৭৮৭.২১ কোটি টাকা, যা জুলাই-ডিসেম্বর/২০১১ সময়ে ২০.২৫% বৃদ্ধি পেয়ে ১০,৫৬৬.৩৫ কোটি টাকা হয়েছে । জুলাই-ডিসেম্বর/২০১০ সময়ের তুলনায় চলতি মূলধনের ক্ষেত্রে বিতরণ বৃদ্ধি পেয়েছে ১৯.৬৮% এবং মেয়াদী ঋণ বিতরণ বৃদ্ধি পেয়েছে ২৩.১৮% । নিমের ছক ও গ্রাফের মাধ্যমে বিষয়টি প্রদর্শিত হ'ল ঃ

(কোটি টাকায়)

ঋণ বিতরণ			
	জুলাই-ডিসেম্বর/২০১০	জুলাই-ডিসেম্বর/২০১১	পরিবর্তনের হার (%)
চলতি মূলধন	৭৩৫৯.৪০	৮৮০৭.৫৪	(+) ১৯.৬৮
মেয়াদী ঋণ	১৪২৭.৮১	১৭৫৮.৮১	(+) ২৩.১৮
মোটঃ	৮৭৮৭.২১	১০৫৬৬.৩৫	(+) ২০.২৫





০২। **বকেয়া ঋণস্থিতি ঃ**


জুলাই-ডিসেঃ/২০১১ সময় শেষে কৃষিভিত্তিক শিল্প খাতে মোট ঋণের বকেয়া স্থিতির পরিমাণ ১৯,২৫৬.৫৬ কোটি টাকা । এর মধ্যে চলতি মূলধন খাতে বকেয়া ঋণস্থিতি ১৩,৩৩৮.০৬ কোটি টাকা এবং মেয়াদী ঋণ খাতে বকেয়া ঋণস্থিতি ৫,৯১৮.৫০ কোটি টাকা । মোট বকেয়া ঋণস্থিতির ২৬% রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের, ৪৭% বেসরকারী বাণিজ্যিক ব্যাংকসমূহের, ৭% বিদেশী ব্যাংকসমূহের এবং ২০% বিশেষায়িত ব্যাংকসমূহের ৭.৫৬% ।


জুলাই-ডিসেঃ/২০১০ সময় শেষে কৃষিভিত্তিক শিল্প খাতে মোট ঋণের বকেয়া স্থিতির পরিমাণ ছিল ১৭,০৫৮.৭১ কোটি টাকা, যা বর্তমান সময়ে (জুলাই-ডিসেঃ/২০১১) ১২.৮৮% বৃদ্ধি পেয়ে ১৯,২৫৬.৫৬ কোটি টাকা হয়েছে । এর মধ্যে চলতি মূলধন ঋণের বকেয়া স্থিতি ১২.০১% বৃদ্ধি পেয়ে ১৩,৩৩৮.০৬ কোটি টাকা এবং মেয়াদী ঋণের বকেয়া স্থিতি ১৪.৯০% বৃদ্ধি পেয়ে ৫,৯১৮.৫০ কোটি টাকা হয়েছে। নিম্নের ছক ও গ্রাফের মাধ্যমে বিষয়টি প্রদর্শিত হ'ল ঃ

পূর্ব পাতার পর -

(কোটি টাকায়)

বকেয়া ঋণ স্থিতি			
	জুলাই-ডিসেঃ/২০১০	জুলাই-ডিসেঃ/২০১১	পরিবর্তনের হার (%)
চলতি মূলধন	১১৯০৭.৫৫	১৩৩৩৮.০৬	(+) ১২.০১
মেয়াদী ঋণ	৫১৫১.১৬	৫৯১৮.৫০	(+) ১৪.৯০
মোট	১৭০৫৮.৭১	১৯২৫৬.৫৬	(+) ১২.৮৮






০৩। **শ্রেণীবিন্যাসিত ঋণ ঃ**


জুলাই-ডিসেঃ/২০১১ সময়ে কৃষিভিত্তিক শিল্প খাতে মোট শ্রেণীবিন্যাসিত ঋণের পরিমাণ ১,৬০২.১২ কোটি টাকা। তন্মধ্যে, রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের ৩৯%, বেসরকারী বাণিজ্যিক ব্যাংকসমূহের ৭%, বিদেশী ব্যাংকসমূহের ৩%, বিশেষায়িত ব্যাংকসমূহের ৫১% রয়েছে ।

জুলাই-ডিসেঃ/২০১০ সময়ে কৃষিভিত্তিক শিল্প ঋণের মোট শ্রেণীবিন্যাসিত ঋণের পরিমাণ ছিল ১,৭৫১.১৭ কোটি টাকা, যা বর্তমানে (জুলাই-ডিসেঃ/২০১১) ৮.৫১% হ্রাস পেয়ে ১,৬০২.১২ কোটি টাকায় দাঁড়িয়েছে । অপরদিকে জুলাই-ডিসেঃ/২০১০ সময়কালে শ্রেণীবিন্যাসিত ঋণের হার ছিল ১০.২৭% যা কৃষিভিত্তিক শিল্পখাতে মোট বকেয়া ঋণ স্থিতির ৮.৩২% । নিম্নের গ্রাফের মাধ্যমে ব্যাংকওয়ারী শ্রেণীবিন্যাসিত ঋণের চিত্র প্রদর্শিত হ'ল ঃ



পূর্ব পাতার পর -

কৃষিভিত্তিক শিল্প ঋণের বর্ণিত তথ্য হতে বিগত বছর একই সময়ের সঙ্গে তুলনা করলে দেখা যায় যে, জুলাই-ডিসেঃ/২০১০ অপেক্ষা জুলাই-ডিসেঃ/২০১১ সময়কালে ঋণ বিতরণ ও আদায় উভয়ই যথাক্রমে ২০.২৫% ১২.৮৮% বৃদ্ধি পেয়েছে, অধিকন্তু শ্রেণীকৃত ঋণের পরিমাণ ৮.৫১% হ্রাস পেয়েছে, যা' আশাব্যাঞ্জক। নিম্নে গ্রাফের মাধ্যমে কৃষিভিত্তিক শিল্প ঋণের সংক্ষেপিত চিত্রটি প্রদর্শন করা হ'ল ঃ



জুলাই-ডিসেঃ/২০১১ সময়কালে সকল ব্যাংক কর্তৃক কৃষিভিত্তিক শিল্পখাতে শ্রেণীকৃত ঋণের পর্যালোচনায় দেখা যায় সকল ব্যাংকসমূহের বকেয়া স্থিতির বিপরীতে শ্রেণীকৃত ঋণের গড় হার ৮.৩২% । ব্যাংক ক্যাটাগরি ভিত্তিক শিল্পঋণের শ্রেণীকরণের এ গড় হার - রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংকসমূহের ১২.৬৭%, বেসরকারী বাণিজ্যিক ব্যাংকসমূহের ১.১৭%, বিদেশী বাণিজ্যিক ব্যাংকসমূহের ৩.৭৯% এবং বিশেষায়িত ব্যাংকসমূহের ২১.৩৫%।